## এবার পূজায়

**ট্রানজিষ্টার রেডিওর বিস্ময়কর মূল্য পরিবর্তন**

১ ব্যাণ্ড পোর্টেবল মিডিয়াম ১১০:০০

২ ব্যাণ্ড ,, অলওয়েভ ১৬৫:০০

নগদ অথবা কিস্তিতে পাওয়া যায়।

বিঃ দ্রঃ—যে কোন পুরাতন এক ব্যাণ্ড রেডিও অভিজ্ঞ কারিগর দ্বারা দুই অথবা তিন ব্যাণ্ডে পরিবর্তিত করা হয়।

ধনরাজ ব্রাদার্স এণ্ড কোং

মুরারই বীরভূম

শাখা—রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গ



Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩রা আশ্বিন বুধবার, ১৩৭৪ ইং 20th Sept. 1967 { ১৯শ সংখ্যা।





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

[illegible]

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন। পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩রা আশ্বিন বুধবার সন ১৩৭৪ সাল।

# ব্যাধি

—০—

সংবাদে প্রকাশ, পশ্চিমবঙ্গ সরকার মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডকে বাতিল ঘোষণা করিয়া ইহার পরিচালনার ভার জেলা-শাসক মহোদয়ের হস্তে অর্পণ করিয়াছেন। অভিযোগে বলা হইয়াছে যে, প্রাথমিক বিদ্যালয়ের মেরামত ও নির্মাণ বাবত সরকারের বরাদ্দ টাকার একটি মোটা অংশ স্কুল-বোর্ড কর্ত্তৃপক্ষ বোর্ডের অফিস ভবন নির্মাণের জন্য ব্যয় করিয়াছেন।

আরও জানা গিয়াছে যে, ১৯৫৮ সালের মার্চ্চ হইতে ১৯৬৪ সালের নভেম্বর পর্য্যন্ত প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও মেরামত বাবত সরকার বোর্ডকে যে ৮,৮৩,২১৫'০০ টাকা বরাদ্দ করেন, তাহার একটা মোটা অংশ ব্যয় করা হয় নাই। সরকার হইতে এই টাকা ফেরত দেওয়ার নির্দেশ সত্ত্বেও জেলা স্কুল-বোর্ড উক্ত টাকা ফেরত দেন নাই এবং এই সংক্রান্ত সংশ্লিষ্ট কাগজপত্র নাকি শিক্ষাদপ্তর হইতে কোন অজ্ঞাত কারণে অর্থ দপ্তর বিভাগে চলিয়া যায়। অতঃপর অর্থ দপ্তর হইতে মন্তব্য আসিল যে, ঐ টাকা ব্যয় না হইলেও ফেরত দিবার প্রয়োজন নাই। এই সঙ্গে স্মরণীয় যে, উক্ত সময়ে পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের উপমন্ত্রী ছিলেন তৎকালীন জেলা স্কুল-বোর্ডের সভাপতি শ্রী কে, এ, মির্জ্জা। যে টাকা মুর্শিদাবাদ জেলার প্রাথমিক বিদ্যালয়-সমূহ নির্মাণ ও মেরামতের জন্যই বরাদ্দ হইয়াছিল, তাহা ঐ কাজে নিয়োগ না করিয়া জেলা স্কুল-বোর্ডের অফিস ভবন নির্মাণে ব্যয়িত হইয়াছে বলিয়া সংবাদে জানা যায়।

গৌরীসেনের টাকার দশা এই রকমই হয়। বিভিন্ন জনকল্যাণকর কার্যে সরকার কর্ত্তৃক মঞ্জুরী-কৃত অর্থ অনেক সময় পুরাপুরি ব্যয়িত হয় না; প্রয়োজন থাকিলেও অনেক ক্ষেত্রে আমলাতান্ত্রিক কর্মচারীদের উগ্র মনোভাবের ফলে তাহা পাওয়া যায় না। অবশ্য অব্যয়িত টাকাও যে পুনরায় সরকারী ভাণ্ডারে ফিরিয়া যায় না তাহা অন্যত্র শোষিত হয়, সাধারণ মানুষের তাহা জানিবার কথা নয়। ইহা উপর মহলের ব্যাপার।

তবে জেলা স্কুল-বোর্ডের ঘটনাটির কিছু অভিনবত্ব আছে। শিক্ষা দপ্তর সরকারী দাক্ষিণ্যে একে ত উজ্জ্বল ভবিষ্যতের আশা তুলিয়া ধরিয়াছেন; আবার সরকারী করুণা যদি বা একটু আধটু বর্ষিত হইল, তাহা বিভিন্ন মতলব হাসিল করিবার কার-সাজির প্রখর তাপে শুকাইয়া যাইতে থাকে। জেলার বহু প্রাথমিক বিদ্যালয় দৈন্যদশায় কাটাইলেও বরাদ্দের টাকা ব্যয় হইতেছে না—ইহাই আশ্চর্য। শিক্ষা দপ্তরের অনুমোদন না থাকা সত্ত্বেও জেলা স্কুল-বোর্ডের সভাপতি অর্থ দপ্তরের উচ্চপদে আসীন থাকার জন্যই এইরূপ ঘটিতে পারিয়াছিল? এখানে প্রশ্ন উঠিতে পারে, জেলা স্কুল-বোর্ড কি বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা তদন্ত করিয়া দেখিয়াছিলেন? প্রাথমিক বিদ্যালয় ভবন মেরামত ও নির্মাণের জন্য সরকারী অনুদান পাইবার নিমিত্ত সমস্ত আবেদনপত্রই কি জেলা বোর্ড বিবেচনা করিয়া দেখিয়াছিলেন? ঐরূপ কতগুলি আবেদন-পত্র নাকচ হইয়াছিল? অথবা বিভিন্ন প্রার্থী বিদ্যালয়কে সরকারী সাহায্যের পরিমাণ বাড়াইয়া দেওয়া হইল না কেন? এই 'কেন'-র উত্তর কে দিবে? শুধু কি জেলা স্কুল-বোর্ড? আজকাল রাজ্যের নানান স্বায়ত্তশাসিত দপ্তরের বহু সুখ্যাতির কথা শুনা যায়। স্বাধীনতা প্রাপ্তির পর হইতে সমাজের প্রতি স্তরে দুর্নীতির মারাত্মক রোগ প্রবেশ করিয়াছে; এই সংক্রামক ব্যাধি হইতে কেহ রক্ষা পাইবে, তাহা কি হয়?

---

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের

# হিসাব পত্র

--০—

বর্ত্তমান প্রধান শিক্ষক মহাশয়ের কার্য্যকালে মুর্শিদাবাদ জেলার মাননীয় বিদ্যালয়-পরিদর্শক মহাশয় বিদ্যালয়ের হিসাব পত্র ঠিক না থাকা সম্বন্ধে মন্তব্য করিয়াছেন। বিভাগীয় পরিদর্শক মহাশয়, বিদ্যালয়ের কার্য্য-নির্ব্বাহক সমিতির সভাপতি তদানীন্তন মহকুমা শাসক মহাশয় ও সভ্যগণ হিসাব পত্র ঠিক রাখা সম্বন্ধে পুনঃ পুনঃ মন্তব্য করিয়াছেন। বিদ্যালয়ের বর্ত্তমান সহকারী সভাপতি শ্রীহীরালাল চন্দ্র মহাশয়কে কিছুদিন পূর্ব্বে কার্য্য-নির্ব্বাহক সমিতির সভ্যগণের সভায় হিসাব পরীক্ষা করিবার ভার দেওয়া হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় ও ভারপ্রাপ্ত করণিক বাবু নানা টাল বাহানা করিয়া চন্দ্র মহাশয়কে আবশ্যকীয় কাগজপত্রাদি সরবরাহ না করায় তিনি হিসাব পরীক্ষা করিতে সমর্থ হন নাই। কার্য্য-নির্ব্বাহক সমিতির গুরুত্বপূর্ণ সভার দিন প্রধান শিক্ষক মহাশয় অনুপস্থিত থাকার চেষ্টা করে থাকেন। যে সভায় প্রধান শিক্ষক মহাশয় উপস্থিত থাকেন সে সভায় করণিক বাবু থাকেন না এবং প্রয়োজনীয় কাগজপত্র না দেখানর জন্য সভার কার্য্য ব্যাহত হয়। এই ভাবে দিনের পর দিন কার্য্য-নির্ব্বাহক সমিতির মাননীয় সভাপতি ও সভ্যগণ কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারেন না। কোন সভায় প্রধান শিক্ষক মহাশয়ের পাইখানা পায় আবার কোন সভায় করণিক বাবুর মাথা ঘুরে মূর্চ্ছা যাওয়ার মত অবস্থা হয়। এ রোগের ঔষধ কি? সরকারী শিক্ষা বিভাগ সরকারী তহবিল হইতে বিদ্যালয়কে নিয়মিত অর্থ সাহায্য করেন। সরকারী টাকার সঠিক হিসাব না থাকা কোন্ দেশী ব্যবস্থা! জনসাধারণ এই বিষয়ে সরকারের এন্‌ফোর্সমেণ্ট বিভাগের ও শিক্ষামন্ত্রী শ্রীজ্যোতি ভট্টাচার্য্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছে।

---

## কৃতী খেলোয়াড়

আন্তঃপ্রাদেশিক স্কুল দলের ফুটবল খেলায় বাঙ্গালার দল গঠনের জন্য সারা মুর্শিদাবাদ জেলা হইতে মনোনীত দুইজনের মধ্যে অন্যতম খেলোয়াড় হিসাবে রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের একাদশ শ্রেণীর ছাত্র শ্রীমান্ সুশান্তকুমার পাণ্ডে অংশ গ্রহণের সুযোগ লাভ করিয়াছে। শ্রীমান্ সুশান্ত ক্রীড়ানুরাগী ও লব্ধপ্রতিষ্ঠ প্রধান শিক্ষক শ্রীশরদিন্দুভূষণ পাণ্ডে মহাশয়ের কনিষ্ঠ পুত্র।

## প্রাথমিক শেষ পরীক্ষা—১৯৬৭

আগামী ২৩শে, ২৪শে ও ২৫শে নভেম্বর, ১৯৬৭ মুর্শিদাবাদ জেলার বিভিন্ন কেন্দ্রে নিম্ন মুদ্রিত তারিখে ও সময়ে প্রাথমিক শেষ পরীক্ষা গৃহীত হইবে।

২৩শে নভেম্বর বৃহস্পতিবার বেলা ১০-৩০ মিঃ হইতে বেলা ১টা পর্য্যন্ত মাতৃভাষা। বৈকাল ২টা হইতে ৩-৩০ মিঃ পর্য্যন্ত ভূগোল ও প্রকৃতি বিজ্ঞান।

২৪শে নভেম্বর শুক্রবার বেলা ১০-৩০ মিনিট হইতে দুপুর ১২টা পর্য্যন্ত ইংরাজী। বৈকাল ২টা হইতে ৩-৩০ মিঃ পর্য্যন্ত ইতিহাস।

২৫শে নভেম্বর শনিবার বেলা ১০-৩০ মিঃ হ'তে বেলা ১টা পর্য্যন্ত গণিত।

## শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা পূজা

পূর্ব্বাপূর্ব্ব বৎসরের ন্যায় এবারও রঘুনাথগঞ্জ — জঙ্গিপুর শহরে ও পল্লীগ্রামের অনেক স্থানে নানা শিল্প প্রতিষ্ঠানে দেবশিল্পী শ্রীশ্রী৺বিশ্বকর্ম্মা দেবের পূজার্চ্চনা সমারোহের সহিত সুসম্পন্ন হইয়াছে।

## শিক্ষা প্রদর্শনী

আগামী ৩০শে সেপ্টেম্বর ও ১লা অক্টোবর '৬৭ বেলা ৩টা হইতে সন্ধ্যা ৮টা পর্য্যন্ত রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের উদ্যোগে একটি 'শিক্ষা প্রদর্শনী'র আয়োজন করা হইয়াছে। উক্ত প্রদর্শনীর প্রবেশ মূল্য শিক্ষার্থী ও শিশুদের জন্য ১০ পঃ ও সর্ব্বসাধারণের জন্য ২০ পঃ নির্দ্ধারিত হইয়াছে। জনসাধারণের উপস্থিতি ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের প্রতি—

আপনার বিদ্যালয়ের গত ষাণ্মাসিক পরীক্ষার সর্ব্ব নিম্ন শ্রেণী পঞ্চম শ্রেণীর বাংলা সাহিত্যের ছাপান প্রশ্নপত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হইতেছে।

পঞ্চম শ্রেণী বাংলা

(বিদ্যালয়ের মাননীয় সভাপতি মহাশয়ের শিশু-পুত্র এই শ্রেণীর ছাত্র)

১। যে কোন ২টি প্রাশ্নের উত্তর লিখ –

গ) সরস্বতী কুণ্ডী কোথায়? ইহার দৃশ্য কি রূপ।

২। নয়নছাতি গল্পটি সংক্ষেপে নিজের ভাষায় লিখ।

৩। আদর্শছেলে কাহাকে বলে? কোন কোন গুণ থকিলে আদর্শ ছেলে হওয়া যায় সংক্ষেপে লিখ।

তথবা

৫। (খ) যে কোন পাচটি পুংলিঙ শব্দ লিখ এবং উহাদের প্রত্যেকটির স্ত্রীলিঙের যাহা হইবে তাহা পাশে পাশে লিখ।

সুকুমারমতি শিশুদের একখানি প্রশ্নপত্রে ভুলের বহর দেখলেন ত? এইরূপ প্রতি বিষয়ে ঝুড়িঝুড়ি ভুল ছাপা হয়েছে। আপনার মনোনীত প্রেসের বিলে শুধু Checked and verified. Rates same as Press Owners' Association rate লিখে কর্ত্তব্য শেষ করলে চলবে না। সপ্তম শ্রেণীর ও একাদশ শ্রেণীর বাংলা ১ম পত্রে আপনার দৃষ্টি আকর্ষণ করি ২য় পৃষ্ঠা স্থানে ৩য় পৃষ্ঠা এবং ৩য় পৃষ্ঠার স্থানে ২য় পৃষ্ঠা ছাপান হইয়াছে কি না?

প্রেস ওনার্স এসোসিয়েশনের প্রতি পৃষ্ঠার মাপ (প্রস্থ ২২ এম এবং দৈর্ঘ্য ৩৪ এম) পরিষ্কার, পরিচ্ছন্ন ও নির্ভুল ছাপার দর দেওয়া হইয়াছে। ভুলে ভরা ও নোংরা ছাপার দর প্রেস ওনার্স এসোসিয়েসনের কর্ত্তৃপক্ষ দেন নাই। ছাপার ভুল ত্রুটির বিষয় সম্পাদক মহাশয়ের গোচরে আনিয়াছেন কি?

প্রশ্নপত্র ছাপার ব্যয় মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত অভিভাবকগণকেই বহন করিতে হয়।

## ভাঙ্গা নায়ে গঙ্গা-বারি পার হবি কে আয়রে আয়

জঙ্গিপুর খেয়াঘাটে যে কয়খানি নৌকায় যাত্রী পারাপার করা হয় তার প্রত্যেকখানিতেই ছিদ্র আছে। পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করিলে দেখা যাবে ঐ ছিদ্র স্থানে টিন ঠোঁকা আছে। ভরা নদীতে খুঁতযুক্ত নৌকায় যাত্রী পারাপার করা ন্যায়-সঙ্গত কিনা তৎসম্বন্ধে জঙ্গিপুরের আপামর জন-সাধারণ, পৌর-সদস্যগণ, জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যাপক মহাশয়গণ ও বিদ্যালয় সমূহের শিক্ষক মহাশয়গণ এবং ছাত্রগণ অবহিত হউন। কর্ম্মরত অভিজ্ঞ (?) ইজারাদারদ্বয় কাহারও কথায় কর্ণপাত করিবেন না। তাঁরা বেপরোয়াভাবে কার্য্য চালাইতেছেন।

শক্ত 'জকি' পিঠে মোদের
কেয়ার করি থোরা।

## প্রাথমিক নির্বাচক তালিকা প্রকাশ সম্বন্ধে বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতির জন্য জানান যাইতেছে যে, ১৯৬৭ সালের পশ্চিমবঙ্গীয় ধুলিয়ান পৌরসভার প্রাথমিক ভোটার তালিকা প্রস্তুত করা হইয়াছে এবং উহার প্রতিলিপি নিম্নলিখিত স্থান-সমূহে ইং ২১-৯-৬৭ তারিখ হইতে ৫-১০-৬৭ তারিখের সকাল ১০ ঘটিকা হইতে বেলা ৫ ঘটিকা পর্য্যন্ত ছুটির দিন ব্যতীত পরিদর্শনের জন্য পাওয়া যাইবে। যদি তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন দাবী বা কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন আপত্তি বা কোন লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকে তবে তাহা আগামী ইং ৫-১০-৬৭ তারিখের বেলা ৫ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপযুক্ত ফরমে দাখিল করিতে হইবে। দাবী বা আপত্তির বিশদ বিবরণ বা হেতু এবং দাবীদার বা আপত্তি-কারকের পুরা বিবরণ ও বিস্তারিত ঠিকানা সহ এবং প্রয়োজনমত এই প্রাথমিক তালিকা বা বিধান সভার ভোটার তালিকায় উপযুক্ত লিখনের উল্লেখ-সহ লিখিত দাবী দাখিল করিতে হইবে।

১। মহকুমা শাসক অফিস, জঙ্গিপুর। ২। ধুলিয়ান পৌরসভা অফিস। ৩। সমসেরগঞ্জ ব্লক অফিস। ৪। জে, এল, আর, ও, অফিস, ধুলিয়ান।

রেজেষ্ট্রারিং অফিসার ধুলিয়ান পৌরসভা ও
মহকুমা-শাসক, জঙ্গিপুর।




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ)
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

## চৌধুরী মোটরস্-এ

আসুন।

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘ'ড়, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩'০০তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)